# REDD+ কার্যক্রমে সুরক্ষা এবং সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা
## (Safeguard and Safeguard Information System)




## সুরক্ষা এবং সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা

জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক কাঠামোর (United Nations Framework Convention on Climate Change-UNFCCC) ২০১০ সালে (Cancun, CoP-16) ১৬তম সম্মেলনে মূলতঃ REDD+ সুরক্ষা (Safeguards) সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয় যা পরবর্তিতে ২০১৩ সালে পোলান্ডের ওয়ারশো শহরে ১৯তম জলবায়ু সম্মেলনে (CoP-19) REDD+ সংক্রান্ত ওয়ারশো' কাঠামোর (Warsaw Framework) আওতায় কিভাবে পরিবেশ ও সামাজিক সুরক্ষা সংক্রান্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন (addressed) এবং প্রতিপালন (respected) নিশ্চিত করা যায় সে বিষয়ে সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদান করা হয়। সুরক্ষা বলতে REDD+ কর্মসূচী বাস্তবায়নে একদিকে যেমন সম্ভাব্য পরিবেশ ও সামাজিক ঝুঁকি কমানোর নীতিমালা ও পদ্ধতিগত অবস্থানকে বোঝায়, তেমনি এ কর্মসূচীর মাধ্যমে কিভাবে পরিবেশ ও সমাজের সুফল অথবা উপকার নিশ্চিত করা যায় তার দিক নির্দেশনা রয়েছে।

## সুরক্ষা বা Safeguard কেন প্রয়োজন:

**REDD+ কার্যক্রম বাস্তবায়ন পর্যায়ে পরিবেশ ও সামাজিক ঝুঁকির আশংকা থাকে। REDD+ বাস্তবায়নে সম্ভাব্য ঝুঁকিসমূহ হচ্ছে (Moss. et al. 2011)[১]:**

(ক) প্রাকৃতিক বনাঞ্চলে মানুষের হস্তক্ষেপের ফলে জীববৈচিত্র্যের ক্ষতি হতে পারে এবং কম টেকসই বনভূমিতে পরিণত হতে পারে।

(খ) REDD+ কার্যক্রমের ফলে নৃতাত্ত্বিক এবং বনাঞ্চলের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর স্থানচ্যুতি ঘটতে পারে।

(গ) বনভূমির উপর নির্ভরশীল জনগোষ্ঠী তাদের নিজেদের ভূমি, অঞ্চল এবং সম্পদ থেকে আলাদা হওয়ার প্রেক্ষিতে অধিকার হতে বঞ্চিত হতে পারে।

(ঘ) প্রথাগত এবং গ্রামীণ জীবিকার ক্ষতি হওয়ার আশংকা সৃষ্টি হতে পারে;

(ঙ) REDD+ থেকে সুবিধা গ্রহণে সমাজের উচ্চ শ্রেণীর মানুষ কম সুবিধাপ্রাপ্তদের চাইতে বেশি অগ্রাধিকার পেতে পারে;

(চ) বনভূমির উপর নির্ভরশীল জনগোষ্ঠীর জীবিকার জন্য বনভূমির উপাদানের স্বল্পতা বা বনভূমির প্রাকৃতিক উপাদানের ক্ষতি হতে পারে;

(ছ) REDD+ বাস্তবায়নে দ্বন্দ্বমূলক বা প্রতিযোগিতামূলক জাতীয় নীতি বা কাঠামো সৃষ্টির প্রয়োজন হতে পারে;

(জ) বনাঞ্চলের অন্যান্য গুরুত্বপূর্ণ উপকারিতাকে (যেমন জীববৈচিত্র্য রক্ষা, প্রতিবেশ রক্ষা, পানিধারণ ক্ষমতা বৃদ্ধি ও মাটি ক্ষয়রোধ) কম গুরুত্ব দিয়ে শুধুমাত্র গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ কমানোটাই মুখ্য উদ্দেশ্য পরিণত হতে পারে;

উপরোক্ত ঝুঁকিসমূহ সফলভাবে মোকাবেলার উদ্দেশ্যে UNFCCC-এর আওতায় REDD+ সংক্রান্ত কার্যাবলী বাস্তবায়নের সময় কিছু সামাজিক ও পরিবেশগত সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলি বিবেচনায় আনা হয়েছে। সুরক্ষা সম্পর্কিত UNFCCC-এর সিদ্ধান্তসমূহের সারসংক্ষেপ নিম্নরূপ:[২]

১. **কানকুন সুরক্ষাসমূহ (Cancun Safeguards):** REDD+ কার্যক্রম বাস্তবায়নকালীন সময়ে এবং অর্থের উৎস বিবেচনায় না এনে কানকুন সুরক্ষাসমূহ (Cancun Safeguards) প্রচার (Promote) এবং সমর্থন (Support) করতে হবে।

২. **সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা (Safeguard Information System):** কিভাবে কানকুন সুরক্ষাসমূহ বাস্তবায়ন ও প্রতিপালনের আওতায় আনা হচ্ছে সে সম্পর্কিত একটি পদ্ধতি তৈরী করতে হবে। অর্থাৎ একটি সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা (Safeguard Information System) তৈরী করতে হবে।

৩. **সুরক্ষা সম্পর্কিত তথ্য সারসংক্ষেপ (Summaries of Safeguard Information):** কানকুন সুরক্ষাসমূহ REDD+ কার্যক্রম বাস্তবায়নকালীন সময়ে কিভাবে বাস্তবায়ন ও প্রতিপালনের আওতায় আনা হচ্ছে সে সম্পর্কিত তথ্যের সারসংক্ষেপ (summaries of information) প্রদান করতে হবে।

## ১. কানকুন সুরক্ষাসমূহ (Cancun Safeguards)

**REDD+ সংক্রান্ত কানকুন সুরক্ষাসমূহ (Cancun Safeguards) হচ্ছে:**[৩]

(ক) REDD+ সংক্রান্ত কার্যক্রম জাতীয় কৌশল, প্রাসঙ্গিক আন্তর্জাতিক কনভেনশন এবং চুক্তির সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;

(খ) দেশীয় আইন এবং সার্বভৌমত্ব বিবেচনায় এনে REDD+ সংক্রান্ত কর্মসূচিসমূহ হতে হবে স্বচ্ছ ও কার্যকর দেশীয় বন ব্যবস্থাপনার অধীন;

(গ) REDD+ সংক্রান্ত কর্মসূচিসমূহ আন্তর্জাতিক বাধ্যবাধকতা, জাতীয় পরিস্থিতি ও আইনসমূহ বিবেচনায় আনবে এবং স্থানীয় ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করবে;

(ঘ) REDD+ কর্মসূচি প্রাসঙ্গিক স্টেকহোল্ডার বা অংশীজনদের বিশেষভাবে নৃতাত্ত্বিক ও স্থানীয় সম্প্রদায়ের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবে;

(ঙ) REDD+ কর্মসূচির আওতায় সম্পাদিত কার্যাবলী জীববৈচিত্র্য সংরক্ষণের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং কানকুন এগ্রিমেন্টের ৭০ অনুচ্ছেদে বর্ণিত REDD+ সংক্রান্ত কার্যাবলী, প্রাকৃতিক বনকে ক্ষতিগ্রস্ত করবে না বরং প্রাকৃতিক বন সংরক্ষণ, প্রতিবেশ সংরক্ষণ এবং অন্যান্য সামাজিক ও পরিবেশগত সুরক্ষা নিশ্চিত করবে;

(চ) REDD+ সংক্রান্ত কার্যাবলী বিভিন্ন ধরনের ঝুঁকি মোকাবেলায় সক্ষম হতে হবে;

(ছ) REDD+ কর্মসূচি জলবায়ু পরিবর্তনজনিত স্থানচ্যুতি কমাতে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

এছাড়াও এই সুরক্ষা নীতিমালাসমূহ ব্যাপকভাবে প্রচার করতে হবে। REDD+ কার্যক্রম বাস্তবায়নে কানকুন সুরক্ষাসমূহ সঠিকভাবে প্রতিফলিত করতে একটি পদ্ধতি উদ্ভাবনসহ কিভাবে কানকুন সুরক্ষা নীতিমালাসমূহ REDD+ কার্যক্রম বাস্তবায়নে প্রতিফলিত করা হচ্ছে এবং করা হয়েছে সে সম্পর্কে বিস্তারিত বিবরণ জনগণের জন্য উন্মুক্ত থাকতে হবে।

অন্তর্ভুক্তিমূলক এবং দেশীয় সুরক্ষা নীতিমালার জন্য অংশীজনের (stakeholder) অংশগ্রহণ অত্যাবশ্যক। সুরক্ষা এবং সুরক্ষা সম্পর্কিত অন্যান্য দলিল যেমন সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা এবং সুরক্ষা সম্পর্কিত তথ্য সার-সংক্ষেপের গ্রহণযোগ্যতা নির্ভর করে ব্যাপকভিত্তিক অংশীজন বিশেষত সরকারি, বেসরকারি, সুশীল সমাজ, আদিবাসী, নৃতাত্ত্বিক ও স্থানীয় জনগণের অংশগ্রহণের উপর[৪]। সুরক্ষা ব্যবস্থার মূল লক্ষ্য হচ্ছে REDD+ কার্যক্রমে সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিত করা। এসব সুরক্ষা কানকুন সুরক্ষার আওতায় এবং কখনও কখনও দেশীয় ও আন্তর্জাতিক ইস্যুকে বিবেচনায় আনতে হয়। জাতীয় সুরক্ষা প্রস্তুতিতে অংশীজনের মতামত, REDD+ কার্যক্রম বাস্তবায়নে সম্ভাব্য পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক ঝুঁকি এবং সফলভাবে REDD+ কার্যক্রমে সম্ভাব্য উপকারীতাকে বিবেচনায় আনতে হবে।

## ২. সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা (Safeguard Information System)

**জলবায়ু পরিবর্তন বিষয়ক ১৭তম সম্মেলনে (CoP-17) সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা (Safeguard Information System) সম্পর্কে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। সেগুলো হচ্ছে:**[৫]

(ক) সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা REDD+ সংক্রান্ত নীতিমালা ও প্রণোদনা প্রদান সংক্রান্ত নির্দেশনার সাথে সংগতিপূর্ণ হতে হবে;

(খ) স্বচ্ছ এবং সংগতিপূর্ণ তথ্যাদি প্রদান করতে হবে। সকল তথ্যাদিতে সংশ্লিষ্ট সকল অংশীজনের (Stakeholder) প্রবেশগম্যতা থাকতে হবে। নিয়মিতভাবে এ সকল তথ্যাদি হালনাগাদ করতে হবে;

(গ) সময়ে সময়ে তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির উন্নতিকল্পে এ পদ্ধতি হতে হবে স্বচ্ছ (transparent) এবং নমনীয় (flexible);

(ঘ) সুরক্ষাসমূহ কিভাবে বাস্তবায়ন (addressed) এবং প্রতিপালন (respected)-এর আওতায় আনা হচ্ছে সে সম্পর্কিত তথ্যাদি থাকতে হবে;

(ঙ) জাতীয় পর্যায়ে এবং দেশীয় উদ্যোগে বাস্তবায়িত হতে হবে;

(চ) সংশ্লিষ্ট উন্নয়নশীল দেশের প্রচলিত পদ্ধতির সাথে মিল রেখে সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা পদ্ধতিটি গঠিত হবে (UNFCCC Decision 12/CP.17, Paragraph 2)।

UNFCCC কর্তৃক গৃহীত প্রস্তাবনার আলোকে সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা মূলত দেশীয় এবং স্থানীয় প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় একটি তথ্য ব্যবস্থাপনা। সুরক্ষা তথ্য ব্যবস্থাপনার কাঠামো এবং পরিচালনা দেশ ভেদে ভিন্ন হতে পারে। সুরক্ষা তথ্য ব্যবস্থাপনার মূল উদ্দেশ্য হচ্ছে কানকুন সুরক্ষা কিভাবে REDD+ কার্যক্রম বাস্তবায়ন ও প্রতিপালনের আওতায় আনা হচ্ছে সে সম্পর্কিত তথ্য প্রদান করা।


## ৩. সুরক্ষা সম্পর্কিত তথ্য সারসংক্ষেপ (Summaries of Safeguard Information)

**UNFCCC-এর গাইডলাইন অনুযায়ী সুরক্ষা সম্পর্কিত তথ্য সারসংক্ষেপ UNFCCC বরাবর দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে। সুরক্ষা সম্পর্কিত তথ্য সারসংক্ষেপ প্রস্তুতিতে UNFCCC-এর নির্দেশনা হচ্ছে:**[৬]

(ক) স্বচ্ছতা (transparent), সামঞ্জস্যতা (consistency), ব্যাপকতা (comprehensiveness) এবং কার্যকারিতা (effectiveness) নিশ্চিতকরণের মাধ্যমে সুরক্ষাসমূহ কিভাবে রক্ষিত ও প্রতিপালিত হচ্ছে তার তথ্য থাকতে হবে।

(খ) REDD+ এর আওতায় বিভিন্ন উন্নয়নশীল দেশ বিভিন্নমুখী কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। সব উন্নয়নশীল দেশ REDD+ এর আওতায় সব ধরনের কার্যক্রম গ্রহণ করে না। প্রতিটি উন্নয়নশীল দেশ স্ব স্ব দেশের REDD+ কার্যক্রমের আওতা সম্পর্কে তথ্য সারসংক্ষেপ সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

সিদ্ধান্ত 1/CP-16, প্যারাগ্রাফ ৭০ মতে পাঁচ ধরণের REDD+



**সুরক্ষা তথ্য ব্যবস্থাপনার উদ্দেশ্য**
কোন কোন দেশীয় ও অন্তর্জাতিক বাধ্যবাধকতা এই পদ্ধতির মাধ্যমে মিটানো হবে।

**সুরক্ষা তথ্য ব্যবস্থাপনার কার্যাবলী**
সুরক্ষা তথ্য ব্যবস্থাপনার উদ্দেশ্য বাস্তবায়নে কোন কোন কার্যাবলী এই পদ্ধতির মাধ্যমে সম্পন্ন করা হবে।

**প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**
সুরক্ষা তথ্য ব্যবস্থাপনার এবং বিভিন্ন কার্যাবলী সম্পাদনে কোন কোন প্রতিষ্ঠান দায়িত্বপ্রাপ্ত হবে।

**চিত্রঃ REDD+ সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা কাঠামোর মূল উপাদানসমূহ**[৭]

কার্যক্রম চিহ্নিত করা হয়েছে- যেমন বন উজাড় রোধ, বনের অবক্ষয় রোধ, বনের কার্বন সংরক্ষণ, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদের পরিমাণ বৃদ্ধি।

(গ) সুরক্ষা সম্পর্কিত তথ্য সারসংক্ষেপ প্রদানের সময় উন্নয়নশীল দেশসমূহে নিম্নোক্ত বিষয়ে তথ্য প্রদানে দৃঢ়ভাবে উৎসাহ প্রদান করা হচ্ছে-

১. সুরক্ষাসমূহ প্রতিপালন ও রক্ষাকল্পে জাতীয় পরিস্থিতি (National Circustances) সম্পর্কে তথ্য;

২. জাতীয় পরিস্থিতির আলোকে প্রতিটি সুরক্ষা সম্পর্কে বিস্তারিত আলোচনা;

৩. জাতীয় পরিস্থিতির আলোকে সুরক্ষা এবং সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা বাস্তবায়ন এবং প্রতিপালনের আওতায় আনয়ন সম্পর্কে বিদ্যমান পদ্ধতি ও প্রক্রিয়া সম্পর্কে বর্ণনা;

৪. জাতীয় পরিস্থিতির আলোকে প্রতিটি সুরক্ষা বাস্তবায়ন এবং প্রতিপালনের আওতায় আনা হচ্ছে সে সম্পর্কিত তথ্য।

(ঘ) তথ্য সারসংক্ষেপ সুরক্ষা সম্পর্কিত অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি অন্তর্ভুক্ত করার জন্য উন্নয়নশীল দেশসমূহকে উৎসাহিত করা হচ্ছে;

(ঙ) তথ্য সারসংক্ষেপে প্রদত্ত ধাপে ধাপে তথ্য আরো উন্নত করতে উন্নয়নশীল দেশগুলোকে উৎসাহিত করা হচ্ছে।


REDD+ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে ফলাফলভিত্তিক অর্থ প্রাপ্তির জন্য সংক্ষিপ্তসারটি প্রকাশ করা জরুরী। একবার এই সারসংক্ষেপ জমা দেয়ার পর প্রতি চার বৎসর পর পর এই সংক্ষিপ্তসার জমা দিতে হবে এবং সংক্ষিপ্তসারসমূহ পরস্পর সামঞ্জস্যপূর্ণ হতে হবে। কোন দেশ UNFCCC-এর REDD+ ওয়েব প্লাটফর্মেও এই তথ্যের সংক্ষিপ্তসার জমা দিতে পারে।

UNFCCC-এর নির্দেশনা মোতাবেক সুরক্ষা সংক্রান্ত তথ্যাবলীর সারসংক্ষেপ মূলত হওয়া উচিত স্বচ্ছ, সামঞ্জস্যপূর্ণ, ব্যাপকভিত্তিক (comprehensive) এবং কার্যকরী। এই তথ্য সারসংক্ষেপে থাকবে কিভাবে কানকুন সুরক্ষাসমূহ REDD+ কার্যক্রম বাস্তবায়নে সুরক্ষিত এবং প্রতিপালিত হচ্ছে। UNFCCC উন্নয়নশীল দেশগুলোকে তাদের জাতীয় REDD+ কৌশল ও কর্মপরিকল্পনায় কানকুন সুরক্ষার ব্যবস্থাসমূহ অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করে। তবে উন্নয়নশীল দেশসমূহ তথ্য সারসংক্ষেপে ইচ্ছা করলে REDD+ কৌশল ও কর্ম পরিকল্পনা প্রণয়নের সময় কানকুন সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলি বিবেচনায় এনেছে তা সংক্ষিপ্তভাবে বর্ণনা করতে পারে। দেশসমূহ তাদের সুরক্ষা সম্পর্কিত তথ্য সারসংক্ষেপে ৫টি REDD+ কার্যক্রমের (যেমন বনভূমি উজাড় রোধ করে বায়ুমন্ডলে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ হ্রাস; বনের কার্বন সংরক্ষণ; বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদের পরিমাণ বৃদ্ধি। কোনটি অন্তর্ভুক্ত করছে তা বিবৃত করতে হবে। কোন দেশ ইচ্ছা করলে তার নিজের দেশের জন্য নির্দিষ্ট REDD+ কার্যাবলীও (যেমন নির্দিষ্ট কৌশল এবং কার্যক্রম) এই সারসংক্ষেপে উল্লেখ করতে পারে[৮]।

জাতীয় পরিস্থিতি যেমন প্রাকৃতিক দুর্যোগ, দেশের বা সংঘাতজনিত, দেশের আইন নীতি, প্রতিষ্ঠান, প্রাতিষ্ঠানিক সামর্থ্য যা সুরক্ষাসমূহ বাস্তবায়নে প্রভাবিত করতে পারে তার তথ্য সারসংক্ষেপ থাকতে পারে। এছাড়াও কানকুন সুরক্ষার বাইরেও কোন দেশ যদি সুরক্ষার জন্য অতিরিক্ত ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন করতে চায় তার তথ্যও সারসংক্ষেপে থাকতে পারে। যেমন: কোন দেশ বিশ্বব্যাংক, গ্রীণ ক্লাইমেট ফান্ড বা উন্নয়ন সহযোগী হতে অর্থায়নের জন্য কানকুন সুরক্ষার বাইরেও অতিরিক্ত সুরক্ষার ব্যবস্থা গ্রহণ করতে পারে।

## একটি দেশের REDD+ সংক্রান্ত সুরক্ষা কিভাবে প্রস্তুত করা যেতে পারে[৯]

উন্নয়নশীল দেশসমূহ REDD+ সংক্রান্ত সুরক্ষা প্রস্তুতিতে কিছুটা অভিজ্ঞতা সঞ্চয় করেছে এবং ফলে যে সমস্ত উন্নয়নশীল দেশ এখনও সুরক্ষা সংক্রান্ত দলিল প্রস্তুত করেনি সে সমস্ত দেশ অন্য দেশের অভিজ্ঞতার আলোকে সুরক্ষা সংক্রান্ত দলিল তৈরীতে কিছু গুরুত্বপূর্ণ উপাদান ও সম্ভাব্য ধাপ অনুসরণ করতে পারে। সুরক্ষা প্রস্তুতিতে উন্নয়নশীল দেশগুলিকে যা অবশ্যই বিবেচনায় আনতে হবে তা হচ্ছে সংশ্লিষ্ট সকল অংশীজনকে (Stakeholder) অন্তর্ভুক্ত করা। সুরক্ষা ও সুরক্ষা তথ্য পদ্ধতি গঠনের একটি প্রবাহ চিত্র দেয়া হলো।




**চিত্র: সুরক্ষা এবং সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা গঠনের প্রবাহ চিত্র**[১০]

## তথ্যসূত্র:


১. Moss N, Nussbaum R, Muchemi J and Halverson E, 2011, "A Review of Three REDD+ Safeguard Initiatives". FAO, UNDP and UNEP

২. http://www.unredd.net/documents/redd-papers-and-publications-90/un-redd-publications-1191/technical-brief-series.html

৩. http://unfccc.int/resource/docs/2010/cop16/eng/07a01.pdf#page=12

৪. UN-REDD (2015) Technical Resource Series 2: Country Approaches to REDD+ Safeguards: A global review of Initial Experiences and Emerging Lessons. (English / Français / Español)

৫. UNFCCC Decision 2/CP.17, paragraph 64

৬. UNFCCC Decision 9/CP.19, paragraph 4

৭. http://www.unredd.net/documents/redd-papers-and-publications-90/un-redd-publications-1191/technical-brief-series/11892-un-redd-framework-for-supporting-the-development-of-country-approaches-to-safeguards-en-11892.html

৮. UN-REDD Programme (2015b) REDD+ Safeguards Information Systems Practical Design Considerations. United Nations Collaborative Programme on Reducing Emissions from Deforestation and Forest Degradation in Developing Countries (UN-REDD Programme), Geneva.

৯. http://www.unredd.net/documents/redd-papers-and-publications-90/un-redd-publications-1191/technical-brief-series.html

১০. IBiD



**মতামত ও পরামর্শের জন্য যোগাযোগের ঠিকানা**

UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি
রুম: ৫১৯, চতুর্থতলা, বন ভবন, প্লট: ই-৮, বি-২
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ
ইমেইল: pd-unredd@bforest.gov.bd
www.bforest.gov.bd